ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দফতর
www.iau.edu.bd iauins13@gmail.com
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-১৫৩/২০২৪/১৪৬১৯

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
২১ মে ২০২৫ খ্রিষ্টাব্দ

# অফিস আদেশ

লামনা ছালেহিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: লামনা, উপজেলা: গলচিপা, জেলা: পটুয়াখালী-এর ফাজিল স্নাতক (পাস) বিএ/বিএসএস স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ১১-০৬-২০২৪ তারিখের জমাকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়নের তৃতীয় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে মাদরাসাটির ফাজিল স্নাতক (পাস) বিএ/বিএসএস স্তর নিম্নবর্ণিত শর্তে ২৯-০১-২০২৫ থেকে ২৮-০১-২০২৯ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো:

শর্তসমূহ :

১. এবতেদায়ী ক্লাসে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি করতে হবে;
২. একই শ্রেণিকক্ষে ০২টি শ্রেণির ক্লাসের পরিবর্তে আলাদা আলাদা শ্রেণিকক্ষে ক্লাসের ব্যবস্থা করতে হবে;
৩. উপাধ্যক্ষসহ অন্যান্য শূন্য পদসমূহ দ্রুত পূরণের ব্যবস্থাগ্রহণ করতে হবে;
৪. গভর্নিং বডির সভায় বার্ষিক বাজেট ও আয়/ব্যয়ের হিসাব উপস্থাপন করতে হবে;
৫. মাদরাসার পুরাতন ভবনে ভাড়া প্রদানকৃত বাংলাদেশ কৃষি ব্যাংকটি অপসারণ করতে হবে;
৬. মাদরাসার শ্রেণিকক্ষে ব্যবহৃত অস্থায়ী ইউনিয়ন পরিষদের অফিসটি অপসারণ করতে হবে;
৭. মাদরাসার জায়গায় অবস্থিত পারিবারিক মসজিদটি মাদরাসার মসজিদ নামে নামকরণসহ শিক্ষার্থীদের জন্য সেটি উন্মুক্ত করতে হবে;
৮. মাদরাসার বাউন্ডারী ওয়াল নির্মাণ করতে হবে;
৯. কুরআন শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;
১০. মাদরাসার সাইনবোর্ড ও প্যাডে বাংলা নামের পাশাপাশি আরবিতে মাদরাসার নাম এবং "ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত" কথাটি লিখতে হবে;
১১. অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুন:নবায়নের জন্য আবেদন করতে হবে;

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

২১/৫/২৫

(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার ও মাদরাসা পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মোবাইল: ০১৭০৫ ৪০৮০০১

অধ্যক্ষ, লামনা ছালেহিয়া ফাজিল মাদরাসা
ডাকঘর: লামনা, উপজেলা: গলচিপা, জেলা: পটুয়াখালী

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-১৫৩/২০২৪/১৪৬১৯

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ ১৪৩২ বঙ্গাব্দ
২১ মে ২০২৫ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
৪. পিএস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), ভাইস চ্যান্সেলর দপ্তর (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, লামনা ছালেহিয়া ফাজিল মাদরাসা, ডাকঘর: লামনা, উপজেলা: গলচিপা, জেলা: পটুয়াখালী।
৭. অফিস নথি।

21.05.2025
(আরিফ আহমদ)
সহকারী মাদরাসা পরিদর্শক
মোবাইল: ০১৭১৯ ৯৫০৭৭৫